



ISO 9001:2015 Certified

## দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।



মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮

ই-মেইল-dpbstwo@gmail.com

ওয়েব সাইট- www.pbs2.dinajpur.gov.bd

স্মারক নং-২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০৩৮.২৩. ৬০৬৭

তারিখঃ ২২ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ।  
০৬ আগস্ট, ২০২৩ খ্রিস্টাব্দ।

### “জমি ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর বিভাগীয় (ক্ষমতাবর্ধন ও আধুনিকায়ন) প্রকল্পের আওতায় দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিজস্ব অর্থায়নে ০৩ (তিন) টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য নিম্নের বর্ণনা অনুযায়ী স্থানসমূহে জমি ক্রয় করা হবে। বর্ণিত মৌজাগুলোতে জমি বিক্রয়ে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিদ্যুতিক উপকেন্দ্রের নাম	উপজেলার নাম	জমির অবস্থান ও বিবরণ	ন্যূনতম জমির পরিমাণ
০১	ঘোড়াঘাট-২ (রাণীগঞ্জ), ৩৩/১১ কেভি ১০ এমডিএ ইনডোর উপকেন্দ্র	ঘোড়াঘাট	দিনাজপুর-বগুড়া মহাসড়কের সংলগ্ন/মহাসড়ক সংলগ্ন পাকা রাস্তা সংলগ্ন ঘোড়াঘাট উপজেলার আবিরের পাড়া/শ্যামপুর মৌজায়।	০.৪০ একর বা তদুর্ধ্ব
০২	নবাবগঞ্জ-৩, ৩৩/১১ কেভি ১০ এমডিএ ইনডোর উপকেন্দ্র	নবাবগঞ্জ	দিনাজপুর-বগুড়া মহাসড়ক সংলগ্ন নবাবগঞ্জ উপজেলার মতিহারা/বাজিতপুর মৌজায়।	০.৪০ একর বা তদুর্ধ্ব
০৩	বিরামপুর-৩ (কেটরা), ৩৩/১১ কেভি ১০ এমডিএ ইনডোর উপকেন্দ্র	বিরামপুর	পাকা রাস্তা সংলগ্ন সাব-স্টেশন নির্মাণ উপযোগী জমি বিরামপুর উপজেলার কেটরা মৌজায়।	০.৪০ একর বা তদুর্ধ্ব

### শর্তাবলী

- প্রতিটি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য জমি উল্লিখিত মৌজাসমূহের মহাসড়ক/পাকা সড়ক সংলগ্ন স্থানে এবং বৈদ্যুতিক লোড পয়েন্টের কেন্দ্রে হতে হবে। রাস্তার পাশের সম্মুখভাগে জমির দৈর্ঘ্য কমপক্ষে ১০০ ফুট হতে হবে (কম/বেশী হলে বাস্তব অবস্থার প্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে);
- একটি দাগে বর্ণিত সাইজ/পরিমাণের জমি পাওয়া না গেলে পার্শ্ববর্তী কয়েকটি দাগের মালিকগণ একত্রে দরপত্র/আবেদন দাখিল করতে পারবেন;
- জমি নিষ্কন্টক হতে হবে। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবেঃ-
  - স্থানীয় আমিন দ্বারা প্রস্তুতকৃত জমির দৈর্ঘ্য ও প্রস্থ এর লে-আউট।
  - জমির দলিল ও ভায়া দলিলের ফটোকপি (প্রযোজ্যক্ষেত্রে)।
  - মালিকানার স্বপক্ষে সি.এস/এস.এ. এবং আর.এস খতিয়ান ও পর্চার ফটোকপি।
  - জমির এবং মৌজাম্যাপের ফটোকপি।
  - দৈর্ঘ্য x প্রস্থ উল্লেখ করে জমির নকশা (প্লোট আকারে)।
  - প্রতি শতাংশ জমির একক মূল্য ও মোট মূল্য (টাকায়) উল্লেখসহ দর দাখিল করতে হবে;
- জমি ক্রয়ের নির্ধারিত কমিটি কর্তৃক নেগোসিয়েশনের মাধ্যমে জমির মালিক/মালিকগণের সাথে বিক্রিত দর নির্ধারণ করা হবে।
- জমির মূল্য জমির মালিকের নামে “একাউন্ট পেয়ী চেক” এর মাধ্যমে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পরিশোধ করা হবে এবং জমি রেজিস্ট্রেশনের সময় যাবতীয় ব্যয় সরকারি নিয়মানুযায়ী ক্রেতা/বিক্রেতা কর্তৃক বহন করা হবে।

এমতাবস্থায়, বর্ণিত এলাকাসমূহে উল্লিখিত পরিমাণ জমি বিক্রয়ের জন্য আগ্রহী একক/একাধিক জমির মালিক/মালিকগণকে আগামী ২১/০৮/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ “সিনিয়র জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর” বরাবর আবেদনপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।


উল্লেখ্য যে, বিস্তারিত তথ্যের জন্য ‘সিনিয়র জেনারেল ম্যানেজার এর কার্যালয়, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, জয়নগর, চন্ডিপুর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর’ এই ঠিকানায় যোগাযোগ করা যাবে।

(মোঃ সুলতান নাছিমুল হক)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ এবং জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর/পরিচালক, আর্থিক মনিটরিং (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর।
- ০৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ০৪। পুলিশ সুপার, দিনাজপুর।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা (বাপবিবো'র ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, ....., দিনাজপুর।
- ০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, দিনাজপুর।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, দিনাজপুর।
- ১০। ডিজিএম, সদর দপ্তর-কারিগরী/ঘোড়াঘাট/নবাবগঞ্জ/পার্বতীপুর জোনাল অফিস, দিনাজপুর পবিস-২।
- ১১। এজিএম (ওএন্ডএম), হিলি/আমবাড়ী/রাণীগঞ্জ সাব-জোনাল অফিস, দিনাজপুর পবিস-২।
- ১২। সাব-রেজিস্টার, সাব-রেজিস্টারের কার্যালয়, ঘোড়াঘাট/বিরামপুর, দিনাজপুর।
- ১৩। এজিএম (অর্থ/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন), দিনাজপুর পবিস-২।
- ১৪। এজিএম (আইটি), দিনাজপুর পবিস-২ (পবিসের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ১৫। অফিস কপি/মাস্টার কপি।

  
(মোঃ সুলতান নাহিমুল হক)  
সিনিয়র জেনারেল ম্যানেজার।  
